



গবেষণামূলক প্রবন্ধ আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয়ের মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের জার্নাল ভলিউম-১৮, ২য় সংখ্যা (ISSN No.-2521-3083) প্রকাশের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকদের কাছ থেকে নিম্নোক্ত শর্তাবলীর আলোকে গবেষণামূলক প্রবন্ধ আহ্বান করা হচ্ছে। প্রফেসর ড. মোঃ মামুনুর রহমান, ইংরেজি বিভাগ ও সম্পাদক, জার্নাল সম্পাদনা বোর্ড (২০১৮-২০১৯), মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, ইবি বরাবর দুই সেট হার্ডকপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। সফট কপি প্রেরণের জন্য ই-মেইল ঠিকানা : prof.mamunur.rahman@gmail.com

শর্তাবলী :

১. প্রবন্ধ ৩০০০ থেকে সর্বোচ্চ ৫০০০ শব্দ সম্বলিত হতে হবে।
২. বাংলায় লিখিত প্রবন্ধ সুতর্নীয়ভাবে ১৪ ফন্টে এবং ইংরেজিতে লিখিত প্রবন্ধ Times New Roman (Font Size 12), আরবী-আফবর এম.টি-১৬ ফন্টে, লাইন স্পেস ডাবল ও মার্জিন জাস্টিফাইড হিসেবে A4 সাইজ কাগজের এক পৃষ্ঠায় লিখিত হতে হবে।
৩. লিখিত প্রবন্ধের ২ সেট হার্ড কপি ও ১টি সফট কপি প্রবন্ধের সঙ্গে জমা দিতে হবে। সফট কপিতে প্রবন্ধের লাইন স্পেস সিঙ্গেল থাকা বাঞ্ছনীয়।
৪. প্রতি অনুচ্ছেদের শুরুতে অর্ধ ইঞ্চি ছাড় হবে এবং কোটেশন বা উদ্ধৃতির ক্ষেত্রে ১ ইঞ্চি (উভয়পাশে) ছাড় দিতে হবে। কাগজের উপরের দিকে ডান কোণায় পৃষ্ঠা নম্বর দিতে হবে।
৫. হেডিং এবং টাইটেল : প্রবন্ধের হেডিং এবং টাইটেল ১৮ ফন্টে লিখিত হতে হবে। টাইটেলের নিচে কোন আন্ডারলাইন দেয়া যাবে না এবং টাইটলে উদ্ধৃতিচিহ্ন ব্যবহার করা যাবে না।
৬. প্রবন্ধের শুরুতে (১৫০ শব্দের মধ্যে) সারসংক্ষেপ (Abstract) লিখিত থাকতে হবে। সারসংক্ষেপ ১০ ফন্টে ইটালিক সাইজ বর্ণে কাগজের উভয় পাশে ১ ইঞ্চি ছাড় রেখে লিখিত হতে হবে। কীওয়ার্ড-এর সংখ্যা হবে সর্বোচ্চ ৫ থেকে ৭টি।
৭. কোন সারণী বা উদ্ধৃতি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুচ্ছেদের নিচে সিঙ্গেল স্পেস রেখে তা প্রদান করতে হবে।
৮. তথ্য সংযুক্তি :
ক. প্রবন্ধে তথ্য সংযুক্তির ক্ষেত্রে পর্যায়ক্রমে লেখকের নাম, প্রকাশনার বছর, প্রবন্ধের টাইটেল, জার্নাল বা গ্রন্থের নাম (ইটালিক সাইজ), ভলিউম নম্বর, খণ্ড নম্বর, মাস এবং পৃষ্ঠা নম্বর সুস্পষ্টভাবে সংযুক্ত করতে হবে।
খ. ইন্টারনেট থেকে তথ্য সংযুক্তির ক্ষেত্রে ওয়েবসাইটের ঠিকানা ও সংশ্লিষ্ট তথ্যাদি উল্লেখ করতে হবে এবং সংবাদপত্রের ক্ষেত্রে পর্যায়ক্রমে পত্রিকার নাম, মাস, তারিখ, সন ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।
৯. একই প্রবন্ধে ২ (দুই) জনের অধিক লেখক থাকবে না। অন্য কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষকগণ কেবলমাত্র অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-এর সাথে গবেষণামূলক প্রবন্ধ লিখলে তা জমা দিতে পারবেন।
১০. শুধু অপ্রকাশিত গবেষণামূলক প্রবন্ধ এই জার্নালে প্রকাশের জন্য জমা দেয়া যাবে। প্রবন্ধ কোন ক্রমেই এম-ফিল এবং পি.এইচ-ডি থিসিসের অংশ পারবে না।
১১. জার্নাল প্রকাশিত হলে লেখক/লেখকগণ এক কপি জার্নাল সৌজন্য হিসেবে পাবেন।
১২. জার্নালে প্রকাশের জন্য জমাকৃত লেখা ফেরত দেয়া হয় না।
১৩. জার্নালে প্রবন্ধ প্রকাশের বিষয়ে সম্পাদনা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১৪. প্রবন্ধ জমা দেয়ার শেষ তারিখ ১৪ নভেম্বর ২০১৮।

(মোঃ রাজিবুল ইসলাম)

উপ-পরিচালক

তথ্য, প্রকাশনা ও জনসংযোগ অফিস

ও

সদস্য-সচিব

জার্নাল সম্পাদনা পর্ষদ (২০১৮-২০১৯)

মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

ক্রমশ

পূর্ব পৃষ্ঠার পর -

স্মারক নং-ইবি/তপ্রজ/জার্নাল ২০১৮-২০১৯/মা.সা.বি.অ./২(৩৯)

তারিখ: ১৪ অক্টোবর ২০১৮

সদয় অবগতির জন্যে অনুলিপি দেয়া হলো :

১. ডিন, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, ইবি।
২. প্রফেসর ড. মোঃ মামুনুর রহমান, ইংরেজি বিভাগ ও সম্পাদক, জার্নাল সম্পাদনা পর্যদ (২০১৮-২০১৯), মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, ইবি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে অনুলিপি দেয়া হলো :

১. সভাপতি,
আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ/ দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ/ আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ/ অর্থনীতি বিভাগ/ আরবী ভাষা ও সাহিত্য বিভাগ/ বাংলা বিভাগ/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ/ ইংরেজি বিভাগ/ রাষ্ট্রবিজ্ঞান বিভাগ/ লোক প্রশাসন বিভাগ/ ফোকলোর স্টাডিজ বিভাগ/ সোস্যাল ওয়েলফেয়ার বিভাগ/ ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ/আইন বিভাগ/আল-ফিক্হ এন্ড লিগ্যাল স্টাডিজ বিভাগ/ ল এন্ড ল্যান্ড ম্যানেজম্যান্ট বিভাগ/ হিসাববিজ্ঞান ও তথ্যপদ্ধতি বিভাগ/ব্যবস্থাপনা বিভাগ/ ফিন্যান্স এন্ড ব্যার্কিং বিভাগ/ মার্কেটিং বিভাগ/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ/ ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জি: বিভাগ/ ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জি: বিভাগ/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জি: বিভাগ/ বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জি: বিভাগ/ ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগ/ গণিত বিভাগ/ পরিসংখ্যান বিভাগ/এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড জিওগ্রাফি বিভাগ/ বায়োমেডিক্যাল ইঞ্জি: বিভাগ/ ফার্মেসি বিভাগ, ইবি।
২. প্রফেসর ড. পরেশ চন্দ্র বর্মণ, পরিচালক, কম্পিউটার সেন্টার, ইবি। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে 'ইসলামী বিশ্ববিদ্যালয় গবেষণা জার্নাল' শীর্ষক পাতায় আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে অনুরোধ করা হলো।)
৩. নোটিশ বোর্ড, ডিন অফিস, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, ইবি।
৪. ডিন অফিসের নথি।
৫. সংশ্লিষ্ট নথি।

ড. বাকিউল হুসাইন
১৪.১০.২০১৮

উপ-পরিচালক

তথ্য, প্রকাশনা ও জনসংযোগ অফিস
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া